

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
গাজীপুর।

স্মারক নং-চীফ/জুডি:/ম্যাজি:/আদা:/গাজী- ২২১২(১৫)

তারিখঃ- ০১/০৮/১৭ খ্রিঃ

গাজীপুর জেলার জয়দেবপুর থানায় রুজুকৃত মামলার সংখ্যা জেলার অবশিষ্ট সকল থানায় রুজুকৃত মোট মামলা সংখ্যার প্রায় সমপরিমান। জয়দেবপুর আমলী (জি.আর) আদালতে প্রতিদিন গড়ে প্রায় ৬০টি মামলা শুধুমাত্র জামিন/ রিমান্ড / জিম্মা শুনানীর (দৈনিক হাজিরা / P.R. / অন্যান্য বিষয়াদী বাদে) জন্য ধার্য থাকে। যা একজন ম্যাজিস্ট্রেট ও একজন জি.আরও এর পক্ষে পরিচালনা করা অত্যন্ত দুরূহ। কেননা একজন বিজ্ঞ ম্যাজিস্ট্রেট তদতিরিক্ত নিজ আদালতের বিচার ফাইল ও সি.আর আমলী আদালতের মামলাসমূহও পরিচালনা করে থাকেন। তাই, সুষ্ঠু মামলা ব্যবস্থাপনার স্বার্থে জয়দেবপুর থানার আমলী (জি.আর) মামলাসমূহ দুইজন ম্যাজিস্ট্রেট ও জি.আরও কর্তৃক পরিচালিত হওয়া বাঞ্ছনীয়।

সেলফ্লে, জয়দেবপুর আমলী (জি.আর) আদালতকে 'ক' অঞ্চল ও 'খ' অঞ্চল এ বিভক্ত করা হলো। 'ক' অঞ্চল আমলী আদালতের বিজ্ঞ ম্যাজিস্ট্রেট জয়দেবপুর থানার বিজোড় নম্বরের মামলাসমূহ এবং 'খ' অঞ্চল আমলী আদালতের বিজ্ঞ ম্যাজিস্ট্রেট ঐ থানার জোড় নম্বরের মামলাসমূহ শুনানী করবেন।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো। এ আদেশ আগামী ০২/০৮/২০১৭ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

স্বা/-
(মোহাম্মদ আসসামছ জগলুল হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
গাজীপুর।

স্মারক নং-চীফ/জুডি:/ম্যাজি:/আদা:/গাজী- ২২১২(১৫)

তারিখঃ- ০১/০৮/১৭ খ্রিঃ

অবগতি এবং কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মাননীয় দায়রা জজ, গাজীপুর।
- ০২। পুলিশ সুপার, গাজীপুর।
- ০৩। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
- ০৪। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং- ১/২/৩, গাজীপুর।
- ০৫। বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং- ১/২/৩/৪, গাজীপুর।
- ০৬। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, গাজীপুর।
- ০৭। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, গাজীপুর।
- ০৮। সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, গাজীপুর।
- ০৯। কোর্ট ইন্সপেক্টর, গাজীপুর।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জয়দেবপুর থানা / ডিবি / পিবিআই/ সি.আই.ডি, গাজীপুর।
- ১১। অফিস কপি।
- ১২। নোটিশ বোর্ড।

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
গাজীপুর